

# আমার দেবতা

বিশ্ব-বিপদ-ভঞ্জন, মনোরঞ্জন, দুখহারী;  
চিত-নন্দন, জগবন্দন, ভব-বন্ধন-বারি;  
সর্ব-মুরতি আকৃতি-হীন, পঞ্চভূত-প্রকৃতি-লীন;  
দীন হীন বন্ধু, করুণা-সিন্ধু, চিত-বিহারী!  
নির্ঝিকার বাসনা-শূন্য, সর্বাধার পরম-পুণ্য,  
অজনক ভিভু, জগত জনক, বহিরন্তরচারী।  
পাপ-তিমির-চন্দ্র-তপন-নাশ তাপ, মোহ-স্বপন,  
করহ প্রেম বীজ বপন, সিঞ্চি' ভকতি বারি!